সংবাদ

তারিখ 30 DEC 2006
পৃষ্ঠা ৫ কলাম ৫

### শিবির ক্যাডারদের হামলা

# সুষ্ঠু তদন্ত দাবিতে চবি প্রগতিশীল ছাত্রজোটের স্মারকলিপি পেশ

প্রতিনিধি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিবির ক্যাডারদের হামলার পরিপ্রেক্ষিতে চবি প্রগতিশীল ছাত্রজোট এই ঘটনার সুষ্ঠু তদন্ত, দোষীদের শাস্তি ও প্রক্টরিয়াল বডির অপসারণসহ ছয় দফা দাবিতে চবি ভিসির কাছে স্মারকলিপি পেশ করেছে। বুধবার ছাত্র ইউনিয়ন, ছাত্রফ্রন্টসহ জোটের নেতাকর্মীরা চবি প্রক্টর মো. আবু নোমানের কাছে এ স্মারকলিপি পেশ করেন। এদিকে এই ঘটনার পর থেকে শিবির ক্যাডাররা বিভিন্ন দলে বিভক্ত হয়ে চবি ক্যাম্পাসে পাহারা দিচ্ছে বলে জোট নেতারা অভিযোগ করেন।

গত ২৪ ডিসেম্বর শিবির ক্যাডাররা দিনভর চবি ক্যাম্পাসে ছাত্রলীগ, ছাত্র ইউনিয়ন, সাধারণ ছাত্রছাত্রী, শিক্ষক ও সাংবাদিকের ওপর দফায় দফায় হামলা চালায়। তাদের হামলায় শিক্ষক-সাংবাদিকসহ প্রায় ৩৫ জন আহত হন। এই হামলার পরিপ্রেক্ষিতে প্রগতিশীল ছাত্রজোট ক্যাম্পাসে লাগাতার অবরোধের ডাক দেয়। স্মারকলিপিতে আগামী ১ জানুয়ারির মধ্যে তদন্ত কমিটির রিপোর্ট প্রকাশ, ১৪ জানুয়ারির মধ্যে শিবির ক্যাডারদের গ্রেফতার ও শাস্তি প্রদান এবং প্রক্টরিয়াল বডির পদত্যাগসহ ৬ দফা দাবি পেশ করেন। এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ ছাত্র ইউনিয়ন চবি শাখার সভাপতি কামরুল ইসলাম, সাধারণ সম্পাদক মন্টি বৈষ্ণব, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট চবি শাখার সভাপতি কাঞ্চন সরকার, ছাত্র ফেডারেশন চবি শাখার আহ্বায়ক জেনাম উদ্দিন প্রমুখ।